

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯০৩

১/ বিবিধ

আরবী

ملعون من ضار مسلما أوماكره
ضعيف

رواه ابن عدي (1 / 265) عن عنبسة بن سعيد: حدثنا فرقد السبخي عن مرة الطيب
عن أبي بكر الصديق مرفوعا

ورواه الترمذي (1 / 352 - بولاق) من طريق أبي سلمة الكندي: حدثنا فرقد به،
وقال: " حديث غريب ". قلت: وعلمته فرقد هذا ضعيف، قال النسائي: " ليس بثقة ".
وقال البخاري: في " حديثه مناكير " كما في الميزان، وساق له من مناكيره هذا.
وأعله المناوي بأبي سلمة

الكندي أيضا، قال: قال ابن معين: " ليس بشيء ". وقال البخاري: " تركوه ". وقد تابعه
عنبرة كما ترى وهو واه كما قال الذهبي. وتابعه همام أيضا عن فرقد به. أخرجه أبو
نعيم في " الحلية " (3 / 49) من طريق عبد العزيز بن أبان عنه. لكن ابن أبان هذا
متروك، وكذبه ابن معين وغيره، كما قال الحافظ في " التقريب ". وتابعه غيره أيضا،
فقد ساقه ابن أبي حاتم في " العلل " (2 / 287) بإسناده عن الهيثم بن جميل عن
عثمان بن واقد عن فرقد السبخي به، وقال: " فسمعت أبي يقول: أخطأ من قال في هذا
الحديث: " عثمان بن واقد "، إنما هو

عثمان بن مقسم البري، والهيثم بن جميل لم يلق عثمان بن واقد، وعثمان بن واقد لم

يسمع من فرقد. قال: وعثمان بن مقسم البري ضعيف الحديث

বাংলা

১৯০৩। যে কোন মুসলিমের ক্ষতি করবে অথবা তার সাথে কোন চক্রান্ত করবে সে অভিশপ্ত।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আদী (১/২৬৫) আন্বাসাহ ইবনু সাঈদ হতে, তিনি ফারকাদ সাবখী হতে, তিনি মুররাহ আততাইয়িব হতে, তিনি আবু বকর সিদ্দীক (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। আর এটিকে তিরমিযী (১/৩৫২) আবু সালামাহ কিন্দী সূত্রে ফারকাদ হতে বর্ণনা করে বলেছেনঃ এটি গারীব।

আমি (আলবানী) বলছিঃ এর সমস্যা হচ্ছে ফারকাদ। কারণ তিনি দুর্বল। নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। বুখারী বলেনঃ তার হাদীসের মধ্যে মুনকার রয়েছে। যেমনটি “আলমীযান” গ্রন্থে এসেছে এবং তিনি (যাহাবী) তার মুনকারগুলোর মধ্যে এটিকে উল্লেখ করেছেন।

মানবী আবু সালামার দ্বারাও হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না। আর বুখারী বলেনঃ তাকে তারা (মুহাদ্দিসগণ) ত্যাগ করেছেন।

তার মুতাবা'য়াত করেছেন আন্বাসাহ যেমনটি দেখছেন। কিন্তু তিনি দুর্বল যেমনটি যাহাবী বলেছেন। ফারকাদ হতে হুম্মামও কিন্দীর মুতাবা'য়াত করেছেন।

এটিকে আবু নুয়াইম “আলহিলইয়াহ” গ্রন্থে (৩/৪৩) আব্দুল আযীয ইবনু আবান সূত্রে তার থেকে বর্ণনা করেছেন। কিন্তু এ ইবনু আবান মাতরুক। তাকে ইবনু মাঈন প্রমুখ মিথ্যুক আখ্যা দিয়েছেন। যেমনটি হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন।

অন্য ব্যক্তিও তার মুতাবা'য়াত করেছেন। এটিকে ইবনু আবী হাতেম "আলইলাল" গ্রন্থে (২/২৮৭) তার সনদে হাইসাম ইবনু জামীল হতে, তিনি উসমান ইবনু অকেদ হতে, তিনি ফারকাদ সাবখী হতে বর্ণনা করেছেন।

ইবনু আবী হাতেম বলেনঃ আমি আমার পিতাকে বলতে শুনেছি, যিনি বলেছেনঃ উসমান ইবনু অকেদ ভুল করেছেন। কারণ তিনি হচ্ছেন উসমান ইবনু মিকসাম বুররী। আর হাইসাম ইবনু জামীলের উসমান ইবনু অকেদের সাথে সাক্ষাৎ ঘটেনি। আর উসমান ইবনু অকেদ ফারকাদ হতে শবণ করেননি। তিনি বলেনঃ আর উসমান ইবনু মিকসাম বুররী হাদীসের ক্ষেত্রে দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72786>

হাদিসবিডিৰ প্ৰজেক্টে অনুদান দিন